

ট্রে-তে সুস্থ চারা উৎপাদনে চারাপোড়া রোগ দমন ব্যবস্থাপনা

কৃষিতে আধুনিক ও লাগসই যান্ত্রিকায়ন এখন সময়ের দাবী। রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে ধানের চারা রোপণ তারই অংশ। তবে এ কাজের প্রধান অন্তরায় হচ্ছে চারা উৎপাদন ট্রে-তে চারাপোড়া রোগের আক্রমণ। প্রায়শই এ রোগের আক্রমণে ট্রে-র চারা মারা যায়, ফলে রাইস ট্রান্সপ্লান্টার থেকে কাজিত ফলাফল পাওয়া যায় না। তবে একটু সচেতন হলেই এ রোগের আক্রমণ থেকে চারা রক্ষা করা সম্ভব।

রোগ চেনার উপায়

বীজ গজানোর পূর্বে অথবা পরে চারা মারা যায় এবং ট্রে-র বিভিন্ন জায়গায় ছড়ানো ছিটানো ভাবে রোগটি দেখা যায়। আক্রান্ত চারা, শিকড় এবং চারার নিচের অংশ বাদামী রংয়ের হয়। অনেক সময় চারার গোড়ায় সাদা ছত্রাক কাণ্ড দেখা যায়। আক্রান্ত চারার বাড় বাড়তি কমে যায় এবং ধীরে ধীরে হলুদ হয়ে পাতা শুকিয়ে চারাগুলো মারা যায়। এই রোগটি বোরো মওসুমের চারা উৎপাদন ট্রে-তে বেশী দেখা যায়।



ছবি-১: ট্রে-তে সুস্থ-সবল চারা



ছবি-২: ট্রে-তে চারাপোড়া রোগে আক্রান্ত চারা

রোগ নিয়ন্ত্রণের উপায়

বীজ বপনের পূর্বে করণীয়:

চারা উৎপাদন ট্রে-তে বীজ বপনের পূর্বে জাগ দেওয়ার সময় এ্যাজোক্সিট্রিভিন অথবা পাইরাক্লোস্ট্রিভিন গ্রুপের ছত্রাকনাশক যেমন: এমিস্টারটপ অথবা সেলটিমা (প্রতি কেজি বীজের জন্য ২-৩ মিলি ওষধ/লিটার পানি) দিয়ে শুকনো বীজ ১৮-২০ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে। এরপর পরিষ্কার পানি দিয়ে ধুয়ে জাগ দিতে হবে।

বীজ বপনের পরে করণীয়:

ট্রে-র চারায় রোগ দেখা দিলে রোগের প্রাথমিক অবস্থায় একইভাবে এ্যাজোক্সিট্রিভিন অথবা পাইরাক্লোস্ট্রিভিন গ্রুপের ছত্রাকনাশক যেমন: এমিস্টারটপ অথবা সেলটিমা (২-৩ মিলি ওষধ/লিটার পানি) ভালভাবে স্প্রে করে চারা ও মাটি ভিজিয়ে দিতে হবে এবং মনে রাখতে হবে স্প্রে করার ৪-৫ ঘন্টা ট্রে-তে পানি না দেওয়া। সাধারনত শুকনা মাটিতে এ রোগটি বেশী হয়, সেজন্য ট্রে-তে পরিমানমত পানি সরবরাহ করে ভিজিয়ে রাখতে হবে। প্রতিনিয়ত বিকাল ৪টা থেকে পরের দিন সকাল ৯টা পর্যন্ত পলিথিন দিয়ে ট্রে ঢেকে রাখতে হবে।

উপসংহার

কৃষিকে লাভজনক এবং উৎপাদনশীলতা দ্বিগুণ করার জন্য খামার যান্ত্রিকীকরণের বিকল্প নাই। বিশেষ করে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপণ বর্তমানে বাংলাদেশে ধান চাষের অপরিহার্য একটি যন্ত্র। তবে চারাপোড়া রোগের কারণে বোরো মওসুমে কখনো কখনো ট্রে-তে চারা তৈরী করা দূরহ হয়ে যায়। ব্রি-র উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ কর্তৃক উদ্ভাবিত চারাপোড়া রোগ দমনের এ পদ্ধতিটি ধান চাষে যান্ত্রিকীকরণকে ত্বরান্বিত করতে সহায়তা করবে।



প্রচারে: উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর ১৭০১

বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহ / নিকটস্থ কৃষি সম্প্রসারণ অফিস (ডিএই) যোগাযোগ করুন।

কয়েকটি জরুরি ফোন নম্বর ও ওয়েবসাইট: ০২-৪৯২৭২০০৫-১৪ এক্স. ৩৮৯ অথবা মোবাইল: ০১৭১১-১৬০০৪১ (নাগরিক তথ্য সেবা ও সহায়ক কেন্দ্র, ব্রি, গাজীপুর); ০২-৪৯২-৭২০৫৪ (উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর); www.brri.gov.bd


১৭.১২.১৭

ড. মোঃ আব্দুল লতিফ
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
ব্রি, গাজীপুর-১৭০১।